



## শোক বার্তা

### শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনির মায়ের মৃত্যুতে নোবিপ্রবি পরিবারের শোক

মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনির মাতা সাবেক শিক্ষিকা রহিমা ওয়াদুদ এর মৃত্যুতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুরের পক্ষ থেকে গভীর শোক ও দুঃখ প্রকাশ করা হয়েছে।

আজ শনিবার (৬ মে ২০২৩) রাজধানীর কলাবাগানস্থ নিজ বাসায় বার্ষিক্যজনিত কারণে তিনি ইস্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৮ বছর।

শোকবার্তায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ড. দিদার-উল-আলম বলেন, ‘শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনির মায়ের মৃত্যুতে নোবিপ্রবি পরিবার গভীরভাবে শোকাহত। আমি তার রুহের মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।’

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

